

ভর্তি

বাউবিতে বিএ ও বিএসএস অনার্স প্রোগ্রাম, আবেদনের সময় বৃদ্ধি

পড়াশোনা ডেস্ক

প্রকাশ: ২৩ এপ্রিল ২০২৫, ১৬: ৪৫



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ সেশনে (বাউবি) বিএ ও বিএসএস অনার্স প্রোগ্রাম ভর্তির আবেদনের সময় ৩০ এপ্রিল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এটি সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল পরিচালিত প্রোগ্রাম।

*দরকারি তথ্য—

১. এই কোর্সের মেয়াদ ৪ বছর। বিএ (অনার্স) বিষয়: বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ এবং বিএসএস (অনার্স): বিষয়: রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব।

২. বিশ্ববিদ্যালয়ে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে প্রতি কোর্সের জন্য ১২টি টিউটোরিয়াল ক্লাস শুক্রবার সরাসরি এবং ১২টি টিউটোরিয়াল ক্লাস শনিবার অনলাইনে অনুষ্ঠিত হবে।

৩. প্রতিটি বিষয়ে আসনসংখ্যা ৬০। স্টাডি সেন্টার: ঢাকা আঞ্চলিক কেন্দ্র বাউবি।

***কোর্সের বৈশিষ্ট্য—**

১. চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স = ৩ ক্রেডিট)।

২. প্রতি শিক্ষাবর্ষে ছয় মাস মেয়াদি দুটি সেমিস্টারে বিভক্ত। প্রতি সেমিস্টারে পাঁচটি কোর্সে রেজিস্ট্রেশন করতে হবে।

৩. প্রতি সেমিস্টারে কমপক্ষে দুটি কোর্সে রেজিস্ট্রেশন করতে পারবে।

৫. প্রতি সেমিস্টারে শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

***ন্যূনতম যোগ্যতা—**

১. মানবিক শাখা: বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ২.৫০ (৫.০০-এর মধ্যে)/ জিপিএ ২.০০ (৪.০০-এর মধ্যে)/ থাকতে হবে। সব শাখার শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।

২. সামাজিক বিজ্ঞান: রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ২.৭৫ (৫.০০-এর মধ্যে)/ জিপিএ ২.২ (৪.০০-এর মধ্যে)/ থাকতে হবে। সব শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবেন।

***দরকারি কাগজপত্র—**

১. ছবি দুই কপি।

২. এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার সনদপত্র ও মার্কশিটের সত্যায়িত কপি।

৩. জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি।

***ভর্তি পরীক্ষা পদ্ধতি—**

১. ভর্তি পরীক্ষা বহুনির্বাচনি (MCQ) প্রশ্নে অনুষ্ঠিত হবে।

২. ভর্তি পরীক্ষার প্রশ্নের মানবর্টন জেনে নিন: বাংলা ২৫, ইংরেজি ২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি ২৫ ও সাধারণ জ্ঞান: আন্তর্জাতিক বিষয়াবলি ২৫।

৩. ভর্তি পরীক্ষার মোট নম্বর ১০০। ভর্তি পরীক্ষায় পাস নম্বর ৪০। প্রতি অংশে ৪০ শতাংশ নম্বর পেতে হবে।

* ভর্তির পুনর্নির্ধারিত তারিখ—

১. আবেদন করার সময় বৃদ্ধি: ৩০ এপ্রিল ২০২৫ পর্যন্ত।

২. আবেদন ফি: ৬০০ টাকা। মোট ভর্তি ফি ৭ হাজার ৩১০ টাকা।

৩. লিখিত পরীক্ষার জন্য মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ: ৮ মে ২০২৫।

৪. লিখিত পরীক্ষার আসনবিন্যাস: ১৩ মের পর বাউবির ওয়েবসাইট ও ঢাকা আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে।

৫. লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান: ২৩ মে ২০২৫, শুক্রবার; সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত।

৬. লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ: ২৮ মে ২০২৫।

৭. সাক্ষাৎকারের তারিখ ও স্থান: ১৭ থেকে ১৯ জুন, সকাল ৯টা থেকে বেলা ৩টা পর্যন্ত। ডিনের কার্যালয়, এসএসএইচএল, বাউবির মূল ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুর।

৮. বিষয়ভিত্তিক শিক্ষার্থীর তালিকা প্রকাশ: ২৫ জুন ২০২৫।

৯. ভর্তির সময়: ২৬ জুন থেকে ১৭ জুলাই ২০২৫ পর্যন্ত।

১০. ক্লাস শুরু হবে: ২৫ জুলাই ২০২৫।

*বিস্তারিত তথ্য জানতে ওয়েবসাইট: www.bou.ac.bd

